গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
**সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)**
**www.sesip.gov.bd**

স্মারক নং- মাউশি/সেসিপ-SPSU/আরটিপি/৩-১৬/২০১৭/৬৬৬ তারিখ: ০২/১১/২০১৭

## রিসোর্স টিচার (আরটি) নিয়োগ বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীনে বাস্তবায়নাধীন সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)-এর আওতায় শুধুমাত্র প্রোগ্রাম মেয়াদের জন্য সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে সাকুল্য বেতনে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে নিম্নে বর্ণিত পদে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র. | পদের নাম | সাকুল্য বেতন | পদের সংখ্যা | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | নির্বাচিত উপজেলা সমূহ |
|---|---|---|---|---|---|---|
| ০১ | রিসোর্স টিচার (আরটি) | ২০,৩০০/- | ১০০০ | অনুর্ধ্ব ৩০ বছর এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যার ক্ষেত্রে বয়স অনুর্ধ্ব ৩২ বছর | ১। যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিত/ বিজ্ঞান/ ইংরেজী বিষয়ে স্নাতক(পাস)/(সম্মান)/স্নাতকোত্তর ডিগ্রি।<br>২। স্নাতক (পাস) ডিগ্রিধারীগণের গণিত/ বিজ্ঞান বিষয়ে কমপক্ষে ৫০% নম্বর/ ইংরেজী বিষয়ে কমপক্ষে ৪৫% নম্বর থাকতে হবে।<br>৩। আবেদনকারীদের বিএড/ডিপ-ইন-এড/এমএড ডিগ্রি থাকলে অগ্রাধিকার দেয়া হবে। | কর্মসূচীর জন্য নির্বাচিত উপজেলার তালিকা www.sesip.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে। |

### আবেদন করার নিয়মাবলি

**১। অন লাইনে আবেদনপত্র পূরণ শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময়:**

(ক) ০৬/১১/২০১৭ খ্রি: সকাল ৯:০০ টা থেকে অনলাইনে আবেদনপত্র দাখিল শুরু হবে।

(খ) ২১/১১/২০১৭ খ্রি: তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে আবেদনপত্র জমাদান অবশ্যই সম্পন্ন করতে হবে।

**২। অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলি :**

(ক) প্রার্থীকে সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)-এর Web address (www.sesip.gov.bd) এর "Online Application" মেন্যুতে ক্লিক করে SESIP কর্তৃক নির্ধারিত আবেদন ফরম পূরণ করে Registration কার্যক্রম সম্পন্ন করতে হবে। উল্লিখিত ওয়েবসাইট ওপেন করলে Advertisement, Application Instruction এবং Apply করার লিঙ্ক পাওয়া যাবে। Application Instruction লিঙ্ক এ আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনা দেয়া আছে। ফর্ম পূরণের পূর্বে প্রার্থী এই Instruction অংশটি download করে প্রতিটি নির্দেশনা ভাল করে আয়ত্ত করে "Apply Now" লিঙ্ক এ ক্লিক করে Application Form- এর প্রতিটি Field এ প্রদত্ত তথ্য/নির্দেশনা অনুসরণ করত: Form পূরণ করে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে (লাল তারকা চিহ্ন বিশিষ্ট Field সমূহ অবশ্যই পূরণ করতে হবে)।

(খ) ছবি (Photo) ঃ Application Form এর নির্ধারিত স্থানে প্রার্থীকে নির্দিষ্ট মাপের নিজের রঙিন ছবি JPEG/PNG ফরমেটে Upload করতে হবে। ছবির আয়তন হতে হবে দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel এবং File size 300KB এর বেশি হতে পারবে না। উল্লেখিত মাপের ছবি না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। সাদা কালো/সাইড ভিউ/সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না।

(গ) স্বাক্ষর (Signature) : Application Form এর নির্ধারিত স্থানে নিজের স্বাক্ষর JPEG/PNG ফরমেটে Upload করতে হবে। স্বাক্ষরের আয়তন হতে হবে দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০ Pixel এবং File size 100 KB এর বেশি হতে পারবে না। উল্লিখিত নির্দেশনা অনুযায়ী প্রার্থীর নির্দিষ্ট মাপের স্বাক্ষর না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(ঘ) সংযুক্তি (Attachment) : Application Form এর নির্ধারিত স্থানে এসএসসি/দাখিল/সমমানের পরীক্ষা পাশের সনদপত্র (Certificate) এবং স্নাতক (পাস)/ (সম্মান) ডিগ্রীর নম্বরপত্র (Mark Sheet) PDF ফরমেটে Upload করতে হবে। উল্লেখ্য, প্রতিটির ক্ষেত্রে File size কোন ভাবেই 1 MB এর বেশি হতে পারবে না।

(ঙ) ঘোষণা (Declaration) : প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের (Application Form) ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদন পত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন

অনিয়মের আশ্রয় গ্রহণ করলে নির্বাচন প্রক্রিয়ার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল এবং ভবিষ্যতে SESIP কর্তৃক তার বিরুদ্ধে যে কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(চ) আবেদন প্রক্রিয়া সম্পন্নকরণ:

Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণপূর্বক প্রার্থীকর্তৃক আবেদনপত্র submission সম্পন্ন হলে Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি Applicant ID সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবে এবং উক্ত Applicant's copy প্রার্থীকে প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য, আবেদন প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন হলে প্রার্থী একটি Confirmation SMS ও পাবে।

০৩। নির্বাচিত উপজেলা ও সংশ্লিষ্ট জেলার প্রার্থীগণ অগ্রধিকার পাবে।

০৪। সংশ্লিষ্ট জেলার বাইরের সকল জেলা থেকে আবেদন করা যাবে। তবে সেক্ষেত্রে প্রদেয় সুবিধার ভিত্তিতে কমপক্ষে ১ (এক) বছর নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতা করবেন মর্মে ৩০০ টাকার স্ট্যাম্পে অঙ্গীকারনামা সাক্ষাৎকার গ্রহণকালে জমা দিতে হবে।

০৫। সদ্য পাশ করা প্রার্থী, যারা NTRCA হতে নিবন্ধনধারী নয় তারাও আবেদন করতে পারবেন।

০৬। শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য শর্ত যথাযথ থাকলে মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

০৭। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।

০৮। ০১/০৭/২০১৭ তারিখে প্রার্থীর বয়স অনুর্ধ্ব ৩০ বছর হতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৯। মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়স ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স সংক্রান্ত কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

**১০। সাক্ষাতকারের সময় নিম্নলিখিত সনদপত্র ও কাগজপত্র অবশ্যই দাখিল করতে হবে, অন্যথায় প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে:**

(ক) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদপত্র এবং সকল নম্বরপত্রের মূলকপি;

(খ) মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার পুত্র ও কন্যা হিসেবে আবেদনকারীকে মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধার সনদপত্র যাহা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সনদের মূলকপি;

(গ) আবেদনকারী মহিলা মুক্তিযোদ্ধার সন্তান হলে এ মর্মে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের মূলকপি;

(ঘ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা (নাতি/নাতনী) হিসেবে প্রার্থীকে তাঁদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে)-এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে) এর মূল কপি;

(ঙ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা (নাতি/নাতনী) হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর ও পৌরসভার মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের মূলকপি;

(চ) প্রার্থীর নিজ জেলার পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে নিজ উপজেলা ও জেলা উল্লেখসহ নাগরিকত্ব সনদের মূলকপি;

(ছ) সকল প্রার্থীকে চারিত্রিক সনদপত্র জমা দিতে হবে। কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের পরিচিত এমন একজন ৮ম অথবা তার চেয়ে উর্দ্ধ গ্রেডের সরকারি কর্মকর্তা/নিজ এলাকার ইউপি চেয়ারম্যান/ কমিশনার/ কাউন্সিলর এই সনদ প্রদানের অধিকারী বলে বিবেচিত হবেন।

১১। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

১২। কর্তৃপক্ষ পদসমূহের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন ।

১৩। নিয়োগ ও পদায়নের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

১৪। সাক্ষাতকারে অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। আরটি সংক্রান্ত যাবতীয় তথ্য প্রার্থীর মোবাইলে SMS-এর মাধ্যমে এবং সেসিপ-এর ওয়েব সাইট (www.sesip.gov.bd)-এর মাধ্যমে জানানো হবে।

**উল্লেখ্য সাক্ষাতকার গ্রহণের সময় অনলাইন-এ প্রদত্ত তথ্যের গড়মিল লক্ষ্য করা গেলে প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।**

**মো. আবু ছাইদ শেখ**
(অতিরিক্ত সচিব)
যুগ্ম প্রোগ্রাম পরিচালক
ও
সভাপতি
রিসোর্স টিচার (আরটি) নিয়োগ কমিটি
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম
শিক্ষা ভবন, ঢাকা।

## রিসোর্স টিচার (আরটি) নিয়োগের জন্য নির্বাচিত ১৪২ উপজেলা

| ক্রম | জেলা | উপজেলা |
|---|---|---|
| ১ | ঢাকা | দোহার |
| ২ | গোপালগঞ্জ | মুকসুদপুর |
| ৩ | কিশোরগঞ্জ | অষ্টগ্রাম |
| ৪ | | ইটনা |
| ৫ | | কুলিয়ারচর |
| ৬ | | তাড়াইল |
| ৭ | | নিকলি |
| ৮ | মাদারীপুর | কালকিনি |
| ৯ | মানিকগঞ্জ | ঘিওর |
| ১০ | | হরিরামপুর |
| ১১ | | সাটুরিয়া |
| ১২ | রাজবাড়ী | রাজবাড়ী সদর |
| ১৩ | শরিয়তপুর | গোসাইরহাট |
| ১৪ | | ডামুড্যা |
| ১৫ | ফরিদপুর | বোয়ালমারী |
| ১৬ | | নগরকান্দা |
| ১৭ | টাংগাইল | নাগরপুর |
| ১৮ | | সখিপুর |
| ১৯ | বাগেরহাট | চিতলমারী |
| ২০ | | মোল্লাহাট |
| ২১ | চুয়াডাঙ্গা | দামুরহুদা |
| ২২ | মেহেরপুর | মুজিবনগর |
| ২৩ | কুষ্টিয়া | খোকসা |
| ২৪ | যশোর | চৌগাছা |
| ২৫ | | বাঘারপাড়া |
| ২৬ | ঝিনাইদহ | শৈলকুপা |
| ২৭ | খুলনা | তেরখাদা |
| ২৮ | | দাকোপ |
| ২৯ | | পাইকগাছা |
| ৩০ | | কয়রা |
| ৩১ | সাতক্ষীরা | শ্যামনগর |
| ৩২ | | কালিগঞ্জ |
| ৩৩ | বান্দরবান | আলিকদম |
| ৩৪ | | লামা |
| ৩৫ | | নাইক্ষ্যংছড়ি |
| ৩৬ | | রোয়াংছড়ি |
| ৩৭ | | রুমা |

| ক্রম | জেলা | উপজেলা |
|---|---|---|
| ৩৮ | খাগড়াছড়ি | দীঘিনালা |
| ৩৯ | | খাগড়াছড়ি সদর |
| ৪০ | | মহালছড়ি |
| ৪১ | | মানিকছড়ি |
| ৪২ | | মাটিরাঙা |
| ৪৩ | | পানছড়ি |
| ৪৪ | | রামগড় |
| ৪৫ | রাঙামাটি | বাঘাইছড়ি |
| ৪৬ | | বরকল |
| ৪৭ | | কাউখালি |
| ৪৮ | | কাপ্তাই |
| ৪৯ | | জুরাইছড়ি |
| ৫০ | | লংগদু |
| ৫১ | | নানিয়ারচর |
| ৫২ | | রাজস্থলী |
| ৫৩ | ব্রাহ্মণবাড়িয়া | বিজয়নগর |
| ৫৪ | চাঁদপুর | ফরিদগঞ্জ |
| ৫৫ | চট্টগ্রাম | ফটিকছড়ি |
| ৫৬ | | রাঙ্গুনিয়া |
| ৫৭ | | সন্দ্বীপ |
| ৫৮ | কক্সবাজার | কুতুবদিয়া |
| ৫৯ | | মহেশখালি |
| ৬০ | | উখিয়া |
| ৬১ | ফেনি | ছাগলনাইয়া |
| ৬২ | লক্ষ্মিপুর | রামগঞ্জ |
| ৬৩ | নোয়াখালী | সুবর্ণচর |
| ৬৪ | নেত্রকোনা | আটপাড়া |
| ৬৫ | | দুর্গাপুর |
| ৬৬ | | কলমাকান্দা |
| ৬৭ | | পূর্বধলা |
| ৬৮ | | মোহনগঞ্জ |
| ৬৯ | শেরপুর | ঝিনাইগাতি |
| ৭০ | | নালিতাবাড়ী |
| ৭১ | | শ্রীবরদি |
| ৭২ | জামালপুর | দেওয়ানগঞ্জ . |
| ৭৩ | ময়মনসিংহ | ধোবাউরা |

5/1/17
লোকমান হোসেন (১৭৩৯৪)
বি.সি.এস (সাধারণ শিক্ষা)
সহকারি পরিচালক (উপবৃত্তি)
এসইএসআইপি, সেসিপ
মাউশি অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ ঢাকা

| ক্রম | জেলা | উপজেলা |
|---|---|---|
| ৭৪ | বরগুনা | আমতলি |
| ৭৫ | | পাথরঘাটা |
| ৭৬ | ভোলা | মনপুরা |
| ৭৭ | | তজমুদ্দিন |
| ৭৮ | | লালমোহন |
| ৭৯ | পটুয়াখালী | দশমিনা |
| ৮০ | | দুমকি |
| ৮১ | | রাঙ্গাবালী |
| ৮২ | | গলাচিপা |
| ৮৩ | পিরোজপুর | নেসারাবাদ |
| ৮৪ | | ইন্দুরকানি |
| ৮৫ | দিনাজপুর | বোঁচাগঞ্জ |
| ৮৬ | | বিরামপুর |
| ৮৭ | গাইবান্ধা | সাদুল্লাপুর |
| ৮৮ | | সাঘাটা |
| ৮৯ | কুড়িগ্রাম | ভুরুঙ্গামারী |
| ৯০ | | চিলমারী |
| ৯১ | | রৌমারি |
| ৯২ | | নাগেশ্বরী |
| ৯৩ | লালমনিরহাট | পাটগ্রাম |
| ৯৪ | | হাতিবান্ধা |
| ৯৫ | নীলফামারী | ডোমার |
| ৯৬ | | কিশোরগঞ্জ |
| ৯৭ | | ডিমলা |
| ৯৮ | পঞ্চগর | বোদা |
| ৯৯ | | আটওয়ারী |
| ১০০ | রংপুর | তারাগঞ্জ |
| ১০১ | | পীরগঞ্জ |
| ১০২ | | বদরগঞ্জ |
| ১০৩ | ঠাকুরগাঁ | রানীশংকৈল |
| ১০৪ | | বালিয়াডাঙ্গি |
| ১০৫ | জয়পুরহাট | পাঁচবিবি |
| ১০৬ | | কালাই |
| ১০৭ | বগুড়া | ধুপচাঁচিয়া |
| ১০৮ | | কাহালু |
| ১০৯ | নওগাঁ | রানিনগর |
| ১১০ | | পত্নিতলা |
| ১১১ | | শাপাহার |
| ১১২ | | নিয়ামতপুর |
| ১১৩ | | পরশা |
| ১১৪ | নাটোর | নলডাঙ্গা |
| ১১৫ | | সিংড়া |
| ১১৬ | | বাঘাতিপাড়া |
| ১১৭ | চাঁপাইনবাবগঞ্জ | ভোলাহাট |
| ১১৮ | | নাচোল |
| ১১৯ | | গোমস্তাপুর |

| ক্রম | জেলা | উপজেলা |
|---|---|---|
| ১২০ | পাবনা | আটঘরিয়া |
| ১২১ | | বেড়া |
| ১২২ | সিরাজগঞ্জ | তারাশ |
| ১২৩ | | বেলকুচি |
| ১২৪ | | কাজিপুর |
| ১২৫ | | রায়গঞ্জ |
| ১২৬ | | সিরাজগঞ্জ সদর |
| ১২৭ | রাজশাহী | বাগমারা |
| ১২৮ | | চারঘাট |
| ১২৯ | হবিগঞ্জ | বাহুবল |
| ১৩০ | | বানিয়াচং |
| ১৩১ | মৌলভীবাজার | জুরি |
| ১৩২ | | কমলগঞ্জ |
| ১৩৩ | সুনামগঞ্জ | বিসম্ভরপুর |
| ১৩৪ | | দিরাই |
| ১৩৫ | | ধর্মপাশা |
| ১৩৬ | | দোয়ারাবাজার |
| ১৩৭ | | তাহিরপুর |
| ১৩৮ | সিলেট | কোম্পানিগঞ্জ |
| ১৩৯ | | জৈন্তাপুর |
| ১৪০ | | গোলাপগঞ্জ |
| ১৪১ | | জকিগঞ্জ |
| ১৪২ | | বালাগঞ্জ |

৫.১১.১৭

লোকমান হোসেন (১৭৩৯৪)
বি.সি.এস (সাধারণ শিক্ষা)
সহকারি পরিচালক (উপবৃত্তি)
এসপিএসইউ, সেসিপ
মাউশি অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ, ঢাকা